শিক্ষক সম্পর্কিত

ভোরের কাগজ

তারিখ JUL. 2 1 1999

পৃষ্ঠা ৯ কলাম ৩

# বিডিআর সদস্যদের হাতে শিক্ষক প্রহৃত, কুলাউড়ায় উত্তেজনা

মৌলভীবাজার প্রতিনিধি : বিডিআর সদস্যদের হাতে একজন শিক্ষক প্রহৃত হওয়ার ঘটনায় কুলাউড়ার শরীফপুরে উত্তেজনা দেখা দিয়েছে। বিক্ষুব্ধ ছাত্ররা স্থানীয় তেলিবিল উচ্চ বিদ্যালয়ে তালা ঝুলিয়ে দিয়েছে।

গত রোববার সীমান্তবর্তী চাতলাপুর ক্যাম্পের একদল বিডিআর সদস্য ভারতীয় চোরাইমাল উদ্ধারের জন্য কুলাউড়া থানার শরীফপুর ইউনিয়নের লালারচক গ্রামে এক অভিযান চালায়। বিডিআরের উপস্থিতি টের পেয়ে চোরাকারবারিরা গা ঢাকা দেওয়ার চেষ্টা করে এবং বেশ কিছু ভারতীয় নাসিরউদ্দিন বিড়ি রাস্তায় ফেলে যায়। বিডিআর দল রাস্তায় বস্তাভর্তি বিড়ি পেয়ে পার্শ্ববর্তী বাড়ির মালিককে খোঁজ করে। মালিক বাড়িতে না থাকায় এই বাড়ির গৃহশিক্ষক ও তেলিবিল উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক সীতাকান্ত পাল বেরিয়ে এলে তার পরিচয় পেয়েও বিডিআর সদস্যরা তাকে প্রহার করে বলে অভিযোগ পাওয়া গেছে। এ সময় সীতাকান্ত পালের তিন ছাত্রী শিক্ষককে বাঁচাতে এগিয়ে এলে বিডিআররা তাদেরও লাঞ্ছিত করে।

এ ঘটনা জানাজানি হলে সোমবার তেলিবিল উচ্চ বিদ্যালয়ের ছাত্ররা এলাকায় বিক্ষোভ প্রদর্শন করে এবং চাতলাপুর বিডিআর ক্যাম্পের গেট ভাঙচুর করে। ঘটনার সুষ্ঠু বিচারের দাবিতে ছাত্ররা অনির্দিষ্টকালের জন্য বিদ্যালয়ে তালা ঝুলিয়ে দিয়েছে। ঘটনার পর সোমবার বিডিআরের ১২নং ব্যাটেলিয়ান কমান্ডার লে. কর্নেল দেলোয়ার হোসেন এলাকা পরিদর্শন করেছেন।